শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়
বান্দরবান পার্বত্য জেলা
(স্থানীয় সরকার শাখা)
www.bandarban.gov.bd

স্মারক : ৪৬.৪২.০৩০০.৫০২.০২.০১৭.২২.৪৬২

তারিখ : ২৮ ভাদ্র ১৪২৯
১২ সেপ্টেম্বর ২০২২

# পুন: নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের স্মারক নং: ৪৬.০১৮.০৩২.০০০০.০৬৪. ২০১৭(অংশ-২).৫৬৬; তারিখ: ১৪ আগস্ট ২০২২ এবং স্মারক নং: ৪৬.০০.০০০০.০১৮.১১.০০১.২১.১৯৫; তারিখ: ৩০ আগস্ট ২০২২ এর ছাড়পত্র অনুযায়ী বান্দরবান পার্বত্য জেলার ৩১টি ইউনিয়ন পরিষদে "ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর'' এর শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত বান্দরবান পার্বত্য জেলার প্রকৃত স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নির্ধারিত ফরমে নিম্নলিখিত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ৩১ (একত্রিশ) | গ্রেড : ১৬<br>স্কেল ৯৩০০-২২৪৯০/-তৎসহ বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% বেতন প্রাপ্য হবেন।) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে বানিজ্য বিভাগে ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং<br>গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০(বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ। |

শর্তাবলী :

১. আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. আবেদনপত্র জেলাপ্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা এর স্থানীয় সরকার শাখায় আগামী ০৩ অক্টোবর ২০২২ তারিখ সোমবার অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি/ডাকযোগে দাখিল/প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

৩. নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরমটি (সফট কপি) এ কার্যালয়ের স্থানীয় সরকার শাখা হতে সংগ্রহ করা যাবে এবং www.bandarban.gov.bd -এ ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে।

৪. ইতিপূর্বে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির স্মারক: ০৫.৪২.০৩০০.৫০২.০২.০১৭.১৯-৬১৭; তারিখ: ০৪ নভেম্বর ২০১৯ মূলে ০৬ নভেম্বর ২০১৯ তারিখে দৈনিক সাঙ্গু পত্রিকা ও ০৭ নভেম্বর ২০১৯ তারিখে দৈনিক ইত্তেফাক/দৈনিক সমকাল পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যে সকল প্রার্থী ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগের জন্য আবেদন করেছেন তাদেরকে নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

৫. প্রার্থীর বয়স ১২ সেপ্টেম্বর ২০২২ তারিখে অবশ্যই ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা অথবা পুত্র/কন্যাদের পুত্র/কন্যা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে- বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৬. আবেদন ফরমটি কম্পিউটার কম্পোজ করে পূরণ করতে হবে এবং অফসেট কাগজে প্রিন্ট করতে হবে। প্রিন্টেড কপিতে নির্ধারিত স্থানে স্বাক্ষর প্রদানপূর্বক প্রয়োজনীয় সার্টিফিকেট/কাগজপত্র ও ছবিসহ আবেদন দাখিল করতে হবে।

৭. **আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবে :**

ক) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (স্বহস্তে নিজ নাম ছবির অপর পৃষ্ঠায় স্পষ্টাক্ষরে লিখতে হবে) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ০২(দুই) কপি ছবি আবেদনপত্রের বামপাশে এবং ১কপি ছবি আবেদন পত্রের ডানপাশে নির্ধারিত স্থানে আঠা দিয়ে লাগাতে হবে।

খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি।

গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সংশ্লিষ্ট পৌরসভার মেয়র অথবা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি।

ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয় পত্র ও অনলাইন জন্ম নিবন্ধন সনদের ফটোকপি ।

ঙ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জেলা প্রশাসক/বোমাং সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দা সনদপত্রের ফটোকপি।

চ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ছ) খামের উপর পদের নাম-"ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর" উল্লেখ করতে হবে এবং প্রার্থী কোনো কোটা সুবিধার আওতায় আবেদন করলে আবেদন পত্রের উপরে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

চলমান-০২

জ) আবেদনপত্রের সাথে যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা এর অনুকূলে ৫০০ (পাঁচশত) টাকার পে-অর্ডার /ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।

ঝ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর লক্ষ্যে নিজের নাম ও ঠিকানা লিখে ফেরত খামে (৯´´×৫´´) ১০/- (দশ) টাকার ডাকটিকিট সংযুক্ত করে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

ঞ) সকল সনদপত্র সত্যায়নের ক্ষেত্রে, অবশ্যই ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার সিলসহ সুস্পষ্ট নাম ও পদবী উল্লেখ থাকতে হবে।

৮. চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৯. কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১০. মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা অথবা পুত্র/কন্যাদের পুত্র/কন্যা হিসেবে কোটার ক্ষেত্রে, আবেদন ফরমের সাথে সংযুক্ত **'পরিশিষ্ট ক'** যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতা/ পিতামহ/পিতামহী/মাতামহ/মাতামহী'র মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদ (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) সংযুক্ত করতে হবে। এছাড়া সরকারি গেজেটে ও লাল মুক্তিবার্তায় প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম ও পরিচয় সংবলিত তথ্যাদির সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১১. প্রতিবন্ধীদের ক্ষেত্রে- উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, বান্দরবান পার্বত্য জেলা এর নিকট থেকে তালিকাভূক্তির সনদপত্রের কপি; এতিমখানার নিবাসীদের ক্ষেত্রে- এতিমখানার তত্ত্বাবধায়কের নিকট থেকে প্রত্যয়নপত্রের কপি; আনসার ও ভিডিপি'র ক্ষেত্রে- যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত মৌলিক প্রশিক্ষণের সনদপত্রের সত্যায়িত কপি এবং উপজাতি সম্প্রদায়ভূক্ত প্রার্থীদের ক্ষেত্রে- উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১২. আবেদনকারীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩. কোন তথ্য গোপন করে অথবা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কিংবা নিয়োগের পরে কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে উক্ত ব্যক্তি বা ব্যক্তিদের নিয়োগাদেশ বাতিলপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪. মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সনদ, নাগরিকত্ব সনদ, স্থায়ী বাসিন্দার সনদ, জাতীয় পরিচয় পত্র, অনলাইন জন্ম নিবন্ধন সনদ, কোটা সম্পর্কিত সনদ, কম্পিউটার পারদর্শীতার সনদ, অভিজ্ঞতার সনদের মূল কপি উপস্থাপন করতে হবে।

১৫. সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরিতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে।

১৬. নিয়োগের সময়ের মধ্যে শূন্য পদের সংখ্যা বৃদ্ধি পেলে একই নিয়োগ প্রক্রিয়ায় যথাযথ কর্তৃপক্ষের ছাড়পত্র মোতাবেক শূন্য পদের সংখ্যা অনুযায়ী ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে লোক নিয়োগ করা যাবে। শূন্য পদ পূরণ ছাড়াও আগামী এক বছরে সৃষ্ট শূন্য পদে নিয়োগের জন্য একটি প্যানেল তৈরী করা হবে। উল্লেখ্য যে, প্যানেলভুক্তি করা মানেই চাকুরির নিশ্চয়তা বহন করে না। বিধি মোতাবেক উক্ত প্যানেল থেকে নির্দিষ্ট মেয়াদে পর্যায়ক্রমে নিয়োগ দেয়া হবে। এক্ষেত্রে, নিয়োগকারী কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন।

১৭. যে কোন প্রকার তদবির, সুপারিশ কিংবা প্রভাব বিস্তারকে প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

১৮. দরখাস্ত বাছাই ও নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২২.০৯.2022

ইয়াছমিন পারভীন তিবরীজি
জেলা প্রশাসক
বান্দরবান পার্বত্য জেলা।
ফোন: ০২৩৩৩৩০২১০১
ই-মেইল : dcbandarban@mopa.gov.bd

তারিখ : ২৮ ভাদ্র ১৪২৯
১২ সেপ্টেম্বর ২০২২

স্মারক : ৪৬.৪২.০৩০০.৫০২.০২.০১৭.২২.৪৬২

ক. সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান/রাঙ্গামাটি/খাগড়াছড়ি।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। ( মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় । (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)

খ. সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে এবং বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো :

১। জেলাপ্রশাসক, খাগড়াছড়ি/রাঙ্গামাটি পার্বত্য জেলা ।
২। পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা।
৩। মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা।
৪। সিভিল সার্জন, বান্দরবান পার্বত্য জেলা।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, বান্দরবান পার্বত্য জেলা।
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট), বান্দরবান পার্বত্য জেলা।
৭। ........................................................................ ও সদস্য, বাছাই কমিটি।
৮। উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল)........................................... উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।
৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ...............................................উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।
১০। মেয়র, লামা পৌরসভা, বান্দরবান পার্বত্য জেলা।
১১। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, বান্দরবান পার্বত্য জেলা।
১২। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, বান্দরবান পার্বত্য জেলা। (বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৩। জেলা তথ্য অফিসার, বান্দরবান পার্বত্য জেলা। (বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)..................ইউনিয়ন., ..................উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।
১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, বান্দরবান পার্বত্য জেলা।
১৬। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার.........................................................। নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ন্যূনতম স্বল্প পরিসরে ভিতরের পাতায় আগামী ...................খ্রি. কেবল মাত্র ০১ (এক) দিন সকল সংস্করণে প্রকাশপূর্বক প্রকাশিত বিজ্ঞপ্তির ০৫ (পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৭। নোটিশ বোর্ড।

১২.০৯.২০২২

ইয়াছমিন পারভীন তিবরীজি
জেলা প্রশাসক
বান্দরবান পার্বত্য জেলা।
ফোন: ০২৩৩৩৩০২১০১
ই-মেইল : dcbandarban@mopa.gov.bd

সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে

সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ১কপি ছবি আঠা দিয়ে সংযুক্ত হবে

# চাকুরির আবেদন ফরম

(কম্পিউটারে কম্পোজ করে পূরণ করতে হবে)

বরাবর
জেলা প্রশাসক
বান্দরবান পার্বত্য জেলা।

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১। | পদের নামঃ | | | | | | | | | | | |
| ২। | বিজ্ঞপ্তি নম্বর ঃ | | তারিখ | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| ৩। | প্রার্থীর নাম ঃ | বাংলায় ঃ | | | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) ঃ | | | | | | | | | | |

| | | |
|---|---|---|
| ৪। | জাতীয় পরিচয়পত্র নম্বর ঃ | |
| | অনলাইন জন্মনিবন্ধন নম্বর ঃ | |
| ৫। | জন্ম তারিখ ঃ | ৬। জন্মস্থান (জেলা) ঃ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭। | ১২/০৯/২০২২ তারিখে প্রার্থীর বয়স ঃ | বছর | মাস | দিন |
| ৮। | মাতার নাম ঃ | | | |
| ৯। | পিতার নাম ঃ | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০। | ঠিকানা ঃ | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা |
| | গ্রাম/পাড়া/মহল্লা ঃ | | |
| | ওয়ার্ড, ইউনিয়ন/পৌরসভাঃ | | |
| | ডাকঘর ঃ | | |
| | পোস্ট কোড নম্বর ঃ | | |
| | উপজেলা ঃ | | |
| | জেলা ঃ | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১। | যোগাযোগ | মোবাইলঃ | | ই-মেইল (যদি থাকে)ঃ |
| ১২। | জাতীয়তা ঃ | | ১৩। | লিঙ্গ ঃ |
| ১৪। | ধর্ম ঃ | | ১৫। | পেশা ঃ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৬। | শিক্ষাগত যোগ্যতাঃ | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

| | |
|---|---|
| ১৭। | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে)ঃ |
| ১৮। | অভিজ্ঞতা ঃ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯। | কোটা (টিক দিন) | বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/ পুত্র কন্যার পুত্র কন্যা | এতিম/শারীরিক প্রতিবন্ধী | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০। | ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর ঃ | তারিখ ঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| | ব্যাংক ও শাখার নাম | | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১। | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) | হ্যাঁ | না | প্রযোজ্য নহে |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল প্রকার মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

*** বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা অথবা পুত্র/কন্যাদের পুত্র/কন্যা হিসেবে কোটার ক্ষেত্রে, আবেদন ফরমের সাথে সংযুক্ত **'পরিশিষ্ট ক'** যথাযথভাবে পূরন করতে হবে।

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ ঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |

প্রার্থীর স্বাক্ষর ও তারিখ

## ‘পরিশিষ্ট ক’

### বীর মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা সংক্রান্ত তথ্য

| প্রার্থীর নাম | বীর মুক্তিযোদ্ধার নাম | বীর মুক্তিযোদ্ধার পিতার নাম | বীর মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | বীর মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয় পত্র, জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ | বীর মুক্তিযোদ্ধার সনদ নম্বর, লাল মুক্তিবার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ নাতি-নাতনী দাবী করার ক্ষেত্রে, প্রার্থীর জাতীয় পরিচয় পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয় পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধীকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |